

বর্ণে বর্ণে

॥ এক ॥

একটি বাদামি, অপরটি কালো। দুইটিই বেশ ফ্রুটপুশ্ট, সতেজ এবং কাঁচ। যাঁহারা পছন্দ করিতে আসিয়াছিলেন তাঁহারা দুইটিকেই দেখিয়া গেলেন। তাঁহারা চলিয়া যাইবার পর বাদামি বলিল, “আমাকেই পছন্দ করবে দেখিস।”

কালো উত্তর দিল, “কি করে জানালি সেটা?”

“দেখালি না আমার দিকে কেমন করে চাইছিল।”

“আমার দিকেও তো চাইছিল।”

“তোমার দিকে যে ভাবে চাইছিল তা আমি দেখেছি। কিন্তু তুই শুধু চাউনিটাই দেখেছিস, ঠোঁটের কোণে যে হাসিটা উঁকি দিচ্ছিল তা দেখিস নি।”

উভয়ে তর্ক করিতে লাগিল।

যাঁহারা পছন্দ করিতে আসিয়াছিলেন তাঁহারা বলিয়া গিয়াছেন কাহাকে পছন্দ হইল খবর পাঠাইবেন।

॥ দুই ॥

ঠিক পাশের বাড়িতে আর একটি অনুরূপ ঘটনা ঘটিতছিল। সে বাড়িতেও একটি বাদামি, আর একটি কালো। যাঁহারা পছন্দ করিতে আসিয়াছিলেন তাঁহারা নানাভাবে দুইটিকে দেখিলেন, কিন্তু কোন সিদ্ধান্তে উপনীত হইতে পারিলেন না। তাঁহারাও যাইবার সময় বলিয়া গেলেন যে পরে খবর পাঠাইবেন কাহাকে পছন্দ হইল।

দ্বিতীয় বাড়ির বাদামি এবং কালো তর্ক করিল না। তাহারা তাহাদের অভিমত আপন আপন অন্তরেই নিবন্ধ রাখিল।

বাদামি ভাবিল, “পছন্দ আমাকেই করবে, ওই কুচকুচে কালোকে কেউ আবার পছন্দ করে না কি—”

কালো ভাবিল, “রং আমার কালো বটে কিন্তু আমার চোখ, আমার নাক, আমার মূখের গড়ন এ সবের কি কোন দাম নেই? ওর রংটা হয়তো একটু ফিকে কিন্তু ওই খ্যাবড়া নাক, বসা চোখ, প্রকাণ্ড হাঁ কি পছন্দ করবার মতো?”

॥ তিন ॥

প্রথম বাড়িতে পছন্দ হইল কালোটিকে। কারণ শ্যামাপুঞ্জের কালো পাঠা বলি দেওয়ানি নিয়ম।

দ্বিতীয় বাড়িতে পছন্দ হইল বাদামিকে। কারণ যিনি তৃতীয় পক্ষে বিবাহ করিবেন তিনি কালো মেয়ে দু'চক্ষে দেখিতে পারেন না।